দৈনিক ইনকিলাব

তারিখ SEP. 26 2006
পৃঃ ১ কলাম ২

# প্রফেসর আফতাবের ওপর হামলায় অংশ নেয় ৬ পেশাদার সন্ত্রাসী

## মাঠে নেমেছে গোয়েন্দারা

স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী প্রফেসর আফতাব আহমাদকে গুলীতে আহত করার ঘটনায় ৬ জন পেশাদার সন্ত্রাসী অংশ নেয়। এদের মধ্যে ৩ জন বাসায় প্রবেশ করে এবং অপর ৩ জন বাইরে অবস্থান করে। ওই ৬ জনকে শনাক্ত করে গ্রেফতারের জন্য মাঠে নেমেছে পুলিশ ও গোয়েন্দা সংস্থার একাধিক দল। অন্যদিকে সম্মিলিত সামরিক হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিটে প্রফেসর আফতাব আহমাদের অবস্থা এখন উন্নতির দিকে। তার শারীরিক ২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## প্রফেসর আফতাবের ওপর

*প্রথম পৃষ্ঠার পর*

অবস্থা আরেকটু উন্নত হলে দ্বিতীয় গুলীটি দুই তিনদিনের মধ্যেই বের করা হবে। তার শরীরে থাকা দ্বিতীয় গুলীটির অবস্থান নিশ্চিত করতে পেরেছেন চিকিৎসকরা। খবর সংশ্লিষ্ট সূত্রের।

পুলিশ সূত্রে জানা গেছে, থানায় মামলা দায়ের করা হলেও গতকাল পর্যন্ত পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। উদ্ধার করতে পারেনি এ ঘটনার নেপথ্য কারণ।

মামলার তদন্তকারী কর্মকর্তা আখতার মোর্শেদ জানান, প্রফেসর আফতাব আহমাদকে গুলীবর্ষণকারী তিনজনকে ধরতে ছয় সন্ত্রাসীকে ইতোমধ্যে চিহ্নিত করা হয়েছে। আক্রমণকারীরা সবাই ভাড়াটে খুনী। পুলিশ এখন প্রফেসর আফতাবের সম্ভাব্য শত্রুদের একটি তালিকা করছে। তদন্তকারী কর্মকর্তা আরো জানিয়েছেন, আক্রমণকারীরা এখন ঢাকার বাইরে রয়েছে বলে ধারণা করা হচ্ছে। এ কারণে অবশ্য দেশের সব পুলিশ স্টেশন ও গোয়েন্দা বাহিনীকে সতর্ক করে দেওয়া হয়েছে। গত শনিবার রাত পৌনে ৮টার দিকে এক দল সন্ত্রাসী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডের বাসায় আফতাব আহমাদকে গুলী করে।